



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/26/2025

গভর্নর ক্যাথি হোকল

মেমোরিয়াল ডে-কে সম্মান জানাতে গভর্নর হোকল স্টেটের ল্যান্ডমার্কগুলোতে লাল, সাদা এবং নীল আলো জ্বালানোর নির্দেশ দিয়েছেন

মার্কিন সামরিক বাহিনীর শাহাদাতবরণকারী সদস্যদের সম্মান জানাতে এবং তাদের প্রতি শোক প্রকাশ করতে গভর্নরের নির্দেশে স্টেট ব্যাপী ষোলোটি ল্যান্ডমার্ক আলোকিত করা হবে

আজ গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে মেমোরিয়াল ডে স্মরণে আজ 26 মে সন্ধ্যায় নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন ল্যান্ডমার্ক লাল, সাদা এবং নীল আলোয় আলোকিত করা হবে।

“প্রতি বছর মেমোরিয়াল ডে-তে আমরা নিহতদের স্মরণ করি এবং তাদের সহনাগরিকদের রক্ষা করতে যে চরম আত্মত্যাগ তারা করেছেন, তার জন্য শোক পালন করি,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “তাদের সাহসিকতা এবং আমাদের জাতির স্বাধীনতা রক্ষা ও সমুন্নত রাখার প্রতিশ্রুতি কখনও ভোলার নয় — আমরা তাদের সেবার জন্য সর্বদা কৃতজ্ঞ থাকব।”

মেমোরিয়াল দিবসের স্বীকৃতিস্বরূপ যেসব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াদাক্ট

- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (Lake Placid Olympic Center)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)